# উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

**পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে** নিয়োজিত সরকারের সর্ববৃহৎ **প্রতিষ্ঠান** হিসেবে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মূল লক্ষ্য **হচ্ছে মানব সংগঠনভিত্তিক উন্নত পল্লী গঠন।** পল্লীর জনগণের **আর্থ-সামাজিক** অবস্থার উন্নয়নের মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে বিআরডিবি **পল্লী উন্নয়ন** ও দারিদ্র্য বিমোচনমূলক মূল **কার্যক্রমের পাশাপাশি** বিভিন্ন কর্মসূচি ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। বিআরডিবি'র **চলমান কর্মপ্রয়াসের** অংশ হিসেবে গত তিন বছরে **০৩ টি অনানুষ্ঠানিক** মানব সংগঠন সৃষ্টির মাধ্যমে পল্লীর জনগণকে উন্নয়নের **জন্য সংগঠিত করা হয়েছে। তার মধ্যে** ০.০১১৪ লক্ষ জন **সুফলভোগীকে ঋণ** প্রদান করা ৪.৯০ কোটি টাকা উপকারভোগীদের নিজস্ব মূলধন গঠন করা এবং ০.০০৪ **লক্ষ** সুফলভোগীকে বিভিন্ন উৎপাদন**মুখী ও আয়বর্ধনমূলক** কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া মূলধন সহায়তা হিসেবে ৪.৯০ কোটি টাকা ঋণ বিতরণ করা **এবং আদায়যোগ্য ঋণ** হতে ৪.৭০ কোটি টাকা ঋণ আদায় করা হয়েছে। চলমান প্রকল্পের আওতায় ৪০ **টি ক্ষুদ্র** অবকাঠামো নির্মাণ করা হয়েছে। **বর্তমানে এসকল** কার্যক্রম বাস্তবায়নে মূলকর্মসূচির পাশাপাশি মোট ০ টি বার্ষিক **কর্মসূচিভুক্ত প্রকল্প** চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

**অপর্যাপ্ত ঋণ** তহবিল, সেবা মূল্যের উচ্চ হার, ব্যবস্থাপনার **যথাযথ অনুশীলন নিশ্চিত**না করা, অপ্রতুল প্রশিক্ষণ তহবিল, সম্প্রসারণমূলক সকল **কার্যক্রমের** বাস্তবায়ন না করা, অতিমাত্রায় ক্ষুদ্র ঋণ নির্ভরতা, **চলমান কার্যক্রম** আইসিটি'র মাধ্যমে পরিচালিত না হওয়া, সমিতির সদস্য **পর্যায়ে তথ্য ভান্ডার** না থাকা, মাঠ পর্যায়ে নিয়মিত (বেতনভুক্ত) **জনবল না থাকা,** সেবামূলক সংস্থা হয়েও আয় থেকে ব্যয়ের ভিত্তিতে বেতন **পরিশোধ, আধুনিক** ও প্রযুক্তি নির্ভর মনিটরিং ব্যবস্থা **না থাকা, পারফরমেন্স** অডিটের অভাব এবং তৃণমূল পর্যায়ে সামগ্রিক কার্যক্রম **সমন্বিতভাবে বাস্তবায়িত** না হওয়া পল্লী উন্নয়ন ও দারিদ্র্য **বিমোচনের অন্যতম** প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আগামী ৩ **অর্থবছরে ৩ টি** সমিতি/দল গঠন, ০.১৩৫ কোটি **টাকা মূলধন গঠন, ০.০১২ লক্ষ জন** উপকারভোগীদের আয়বর্ধনমূলক ও উদ্বুদ্ধকরণ **প্রশিক্ষণ প্রদান,** ১২.০০ কোটি টাকা উপকারভোগীদের **ঋণ বিতরণের মাধ্যমে ০.০০৫ লক্ষ জন** উপকারভোগীদের কর্মসংস্থান সৃজনের মাধ্যমে স্বাবলম্বী **করার কার্যক্রম** গ্রহণ হচ্ছে। এছাড়া পর্যাপ্ত **ঋণ তহবিল এর ব্যবস্থা করা,** সেবামূল্যে নিম্ন হারে নামিয়ে আনা, পর্যাপ্ত প্রশিক্ষণ তহবিল তৈরী করা, **সম্প্রসারণমূলক** সকল কার্যক্রমে বাস্তবায়ন **করা, অতিমাত্রায় ক্ষুদ্র ঋণ নির্ভরতা কমিয়ে আনা,** চলমান কার্যক্রম আইসিটি'র মাধ্যমে পরিচালিত হওয়া, আধুনিক ও প্রযুক্তি নির্ভর মনিটরিং **ব্যবস্থা চালু করা, তৃণমূল পর্যায়ে** সামগ্রিক কার্যক্রম সমন্বিতভাবে বাস্তবায়িত হওয়া, পারফরমেন্স অডিটের মাধ্যমে কার্যক্রম সঠিকভাবে **পরিচালিত করা, অর্থনৈতিক কর্মকান্ডে** প্রশিক্ষণের মাধ্যমে নারীর শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিত করা এবং **ক্ষুদ্র ও অবকাঠামো** উন্নয়ন বৃদ্ধি, শিক্ষা/অপ্রাতিষ্ঠানিক **শিক্ষা প্রদান, বার্ষিক** প্রতিবেদন/একনজরে ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করার **পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে।**

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- **- উপকারভোগীদের মাঝে ১৫ গাছের চারা বিতরণ;**
- **- ০১ টি পল্লী মানব সংগঠন সৃষ্টি;**
- **- ০২ টি প্রাথমিক সমবায় সমিতি সক্রিয়করণ ;**
- **- ৬০ জন উপকারভোগী সদস্যকে প্রশিক্ষণ প্রদান;**
- **- পুঁজি গঠন ০.০৩ ২কোটি টাকা;**
- **- উপকারভোগীদের মাঝে ঋণ বিতরণ ১.২৫০ কোটি টাকা এবং আদায়যোগ্য ঋণের** ১.১৫০ কোটি টাকা আদায় করা হবে।

[illegible]২৩, ২০২৪



গোলজার হোসেন
[illegible] পল্লী উন্নয়ন অফিসার
[illegible]